রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ১৩, ২০২৩**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/১০ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং ২৪৮-আইন/২০২৩।**—টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন) এর ধারা ২৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—(১) এই প্রবিধানমালা যন্ত্রপাতির জ্বালানি দক্ষতার লেবেলিং প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(ক) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ;

(২) **"কারিগরি কমিটি"** অর্থ প্রবিধান ২৩ এর অধীন গঠিত কারিগরি কমিটি;

(৩) **"গড় জ্বালানি ব্যবহার (average energy consumption)"** অর্থ দেশীয় বাজারে একটি নির্দিষ্ট যন্ত্র বা সরঞ্জামের বিদ্যমান সকল মডেলের জ্বালানি দক্ষতা বা জ্বালানি ফলপ্রসূতা (energy efficacy) এর গড়;


মূল্য : টাকা ৩০.০০

(৪) **"জ্বালানি ব্যবহারের চলমান গড় (moving average energy consumption)"** অর্থ কোনো একটি নির্দিষ্ট বৎসরে একটি কোম্পানি কর্তৃক পূর্ববর্তী বৎসরে বিক্রয়কৃত লেবেল যুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির গড় জ্বালানি দক্ষতার তুলনায় ঐ বৎসরের বিক্রয়কৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির গড় জ্বালানি দক্ষতার উন্নতির পরিবর্তন;

(৫) **"তফসিল"** অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;

(৬) **"তালিকাভুক্ত পরীক্ষাগার"** অর্থ প্রবিধান ১৩ এর অধীন তালিকাভুক্ত কোনো পরীক্ষাগার;

(৭) **"বিডিএস (BDS)"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্তৃক নির্ধারিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড;

(৮) **"বিএসটিআই (BSTI)"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন;

(৯) **"ব্র্যান্ড"** অর্থ কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের ব্যবসায়িক নাম, টার্ম, স্মারকচিহ্ন (sign), প্রতীক (symbol), নকশা (design) কিংবা এইগুলোর একটি সমন্বিত রূপ, যাহা কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিজস্ব পরিচিতি নির্দেশ করে;

(১০) **"মডেল (model)"** অর্থ কোনো নির্দিষ্ট ব্র্যান্ডের সমপ্রকৃতির বৈশিষ্ট্য ও গঠন সম্পন্ন এবং সুনির্দিষ্ট কর্মসক্ষমতা ও জ্বালানি দক্ষতা সম্পন্ন এক বা একাধিক যন্ত্রপাতি বা সরঞ্জামাদি, যাহার জন্য একটি নির্দিষ্ট পরীক্ষণলব্ধ প্রতিবেদন (test report) প্রযোজ্য হইবে;

(১১) **"মনোনীত প্রতিষ্ঠান"** এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, গৃহীত কার্যক্রম সম্পাদনে সহায়তা প্রাপ্তির জন্য প্রযোজ্য ক্ষেত্রে, কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত এক বা একাধিক প্রতিষ্ঠান;

(১২) **"যন্ত্রপাতি ও সরঞ্জামাদি"** অর্থ যন্ত্র অথবা সরঞ্জামাদি অথবা কলকব্জা অথবা মালামাল অথবা এইগুলোর অংশ, যাহা যে কোনোরূপে জ্বালানি ব্যবহার বা সরবরাহ বা সম্প্রচার করে কোনো কাজ বা সেবা প্রদান করিয়া থাকে এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর তফসিল-ক এ উল্লিখিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৩) **"রেফারেল পরীক্ষাগার"** অর্থ কর্তৃপক্ষের পরীক্ষাগার বা বিএসটিআই এর পরীক্ষাগার অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্বাচিত অন্য কোনো এক বা একাধিক অ্যাক্রেডিটেশন প্রাপ্ত পরীক্ষাগার যেখানে পরীক্ষণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নমুনা প্রেরণ করা হইবে;

(১৪) **"লেবেল"** অর্থ যন্ত্রপাতি ও সরঞ্জামাদির উপর বা মোড়কে লাগানো জ্বালানি ব্যবহারের মানমাত্রা সম্বলিত তথ্যাদির দৃশ্যমান কোনো লিখিত, মুদ্রিত, চিহ্নিত ও স্ট্যাম্পকৃত বিষয় বা গ্রাফিক্স;

(১৫) **"লেবেল গ্রহীতা"** অর্থ প্রবিধান ৫ এর অধীন নিবন্ধিত লেবেল গ্রহীতা;

(১৬) **"লেবেলিং কর্মসূচি"** অর্থ প্রবিধান ৩ এ বর্ণিত লেবেলিং কর্মসূচি;

(১৭) **“লেবেলিং ওয়েব পোর্টাল”** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক লেবেলিং কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্যে অনলাইন লেবেল ব্যবস্থাপনা ও তথ্য বিষয়ক ওয়েবপোর্টাল;

(১৮) **“লেবেলিং গাইড লাইন”** অর্থ প্রবিধান ৪ এর অধীন প্রণীত লেবেলিং গাইডলাইন;

(১৯) **“স্ট্যান্ডার্ড”** অর্থ কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন বা সরকার কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিকভাবে স্বীকৃত এতদসংশ্লিষ্ট মান;

(২০) **“MEPS** (Minimum Energy Performance Standard)” অর্থ কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের কারিগরি চাহিদার মানমাত্রা অনুযায়ী প্রস্তুতকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির কোনো নির্দিষ্ট কার্যসম্পাদনের (performance) জন্য জ্বালানি দক্ষতার ন্যূনতম মান যাহার নিম্ন দক্ষতাসম্পন্ন যন্ত্রপাতি বা সরঞ্জামাদি আমদানি বা প্রস্তুত বা সংযোজন বা বিক্রয় করা যাইবে না;

(২১) **“ISO”** অর্থ International Organization for Standardization কর্তৃক জারীকৃত স্ট্যান্ডার্ডস;

(২২) **“IEC”** অর্থ International Electrotechnical Commission কর্তৃক জারীকৃত স্ট্যান্ডার্ডস।

(খ) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয়নি, সেই সকল শব্দ বা অভিব্যক্তি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন) এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **যন্ত্রপাতি ও সরঞ্জামাদির লেবেলিং কর্মসূচি।**—(১) কর্তৃপক্ষের চাহিদা ও সুপারিশক্রমে, বিএসটিআই কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের MEPS নির্ধারণ করিবে।

(২) কর্তৃপক্ষের অনুরোধক্রমে বিএসটিআই যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পরীক্ষা ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণ এবং পরীক্ষণ সুবিধা সৃষ্টি করিবে অথবা সংশোধনপূর্বক উহা কর্তৃপক্ষকে অবহিত করিবে।

(৩) বিএসটিআই যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিপরীতে নির্ধারণকৃত MEPS এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবে, এবং প্রযোজ্য ক্ষেত্রে, কর্তৃপক্ষের সুপারিশক্রমে, স্থানীয় বাজারে বিদ্যমান এবং সর্বাধিক ব্যবহৃত কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জ্বালানি ব্যবহারের মান পর্যালোচনাপূর্বক বেজলাইন (baseline) নির্ধারণ করিবে এবং তদনুযায়ী প্রয়োজনে MEPS সংশোধন করিবে।

(৪) কর্তৃপক্ষ, বিএসটিআই কর্তৃক নির্ধারণকৃত MEPS এর আলোকে সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জ্বালানি দক্ষতার স্তরভিত্তিক লেবেল নির্ধারণ করিবে এবং লেবেলিং কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মসূচি প্রণয়ন ও পরিচালনা করিবে।

(৫) কর্তৃপক্ষ নিজে অথবা মনোনীত প্রতিষ্ঠানের মাধ্যমে লেবেলকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বাজারে বিক্রয়ের পরিমাণ পর্যবেক্ষণ করিবে।

৪। **লেবেলিং গাইডলাইন প্রণয়ন।**—(১) কর্তৃপক্ষ, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর তফসিল-ক এ বর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ক্রমানুসারে, প্রতিটির জন্য পৃথক লেবেলিং গাইডলাইন প্রণয়ন করিবে।

(২) কর্তৃপক্ষ লেবেলিং ওয়েবপোর্টাল প্রস্তুত করিবে এবং উহাতে নিম্নবর্ণিত তথ্যসমূহ আপলোড করিবে, যথা:—

(ক) যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন;

(খ) লেবেল গ্রহণের কার্যপ্রণালী;

(গ) লেবেল গ্রহণের আবেদনের সহিত দাখিলকৃতব্য পত্রাদির তালিকা; এবং

(ঘ) ফিসমূহ।

৫। **লেবেলিং কর্মসূচিতে নিবন্ধনের জন্য আবেদন।**—(১) কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠান লেবেলিং কর্মসূচিতে লেবেল গ্রহীতা হিসাবে নিবন্ধনের জন্য তফসিল-২ এ উল্লিখিত নিরাপত্তা জামানত ও সংশ্লিষ্ট ফি প্রদানপূর্বক তফসিল-১-এর ফরম-১ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট ইলেকট্রনিক মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র দাখিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনপত্র এবং তদসঙ্গে সংযুক্ত দলিলাদি পরীক্ষাপূর্বক কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে তফসিল-৩ এ উল্লিখিত সময়সীমার মধ্যে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, লেবেল গ্রহীতা হিসাবে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য নিবন্ধন মঞ্জুর করিবে অথবা আবেদন নামঞ্জুর করিবে, যথা:—

(ক) লেবেল গ্রহীতাকে এই প্রবিধানমালা ও সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় সকল বাধ্যবাধকতা মানিয়া চলিতে এবং যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে সংযুক্ত লেবেল সংখ্যা কর্তৃপক্ষের ইলেকট্রনিক রেজিস্টারে যুক্ত করিতে হইবে;

(খ) লেবেল গ্রহীতাকে প্রতি পঞ্জিকা বর্ষের শুরুতে মডেল প্রতি চাহিত লেবেলের পরিমাণ উল্লেখপূর্বক তফসিল-১ এর ফরম-৬ অনুযায়ী আবেদন করিতে হইবে;

(গ) লেবেল গ্রহীতাকে পণ্যের জ্বালানি দক্ষতা সংক্রান্ত পরীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট পরীক্ষাগার কর্তৃক কর্তৃপক্ষের লেবেলিং ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করিতে হইবে;

(ঘ) লেবেল গ্রহীতাকে মডেল নিবন্ধন বা লেবেল গ্রহণের অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল সংযোজনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে; এবং

(ঙ) লেবেল গ্রহীতাকে লেবেলিং গাইড লাইনে উল্লিখিত পন্থায় লেবেল সংযোজন করিতে হইবে, একই সিরিয়ালের লেবেল একাধিকবার ব্যবহার করা যাইবে না।

৬। **যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল নিবন্ধনের জন্য আবেদন।**—(১) লেবেল গ্রহীতা কর্তৃক কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের প্রতিটি পৃথক মডেল নিবন্ধনের জন্য কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফি প্রদানপূর্বক তফসিল-১ এর ফরম-২ অনুযায়ী ইলেকট্রনিক মাধ্যমে অথবা সরাসরি আবেদন করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, আবেদন ফরম-৫ দাখিল করিতে পারিবে।

(২) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনের ক্ষেত্রে কর্তৃপক্ষ, তফসিল-৩ এর সময়সীমা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনী এবং প্রযোজ্য ক্ষেত্রে, অতিরিক্ত দলিলাদি তফসিল-১ এর ফরম-৪ এর মাধ্যমে জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) কর্তৃপক্ষ, তফসিল-৩ এ উল্লিখিত সময়সীমার মধ্যে আবেদনকারীর মডেল নিবন্ধন সম্পন্ন করিবে।

৭। **লেবেল গ্রহীতার নিবন্ধন বাতিল বা স্থগিত**।—(১) শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া, নিম্নবর্ণিত যে কোনো কারণে কোনো লেবেল গ্রহীতার নিবন্ধন বাতিল বা স্থগিত করা যাইবে, যথা:—

(ক) মালিকানা, অবস্থা বা ব্যবসার ধরন পরিবর্তন করিলে;

(খ) নিজ থেকে কর্তৃপক্ষের নিকট নিবন্ধন বাতিলের অনুরোধ করিলে;

(গ) নিবন্ধনের কোনো শর্ত বা চুক্তি ভঙ্গ করিলে; এবং

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন না করিলে।

(২) কর্তৃপক্ষ, উপ-প্রবিধান (১) এর দফা (ক) ও (খ) এর ক্ষেত্র ব্যতীত, অন্য যে কোনো কারণে নিবন্ধন বাতিল করা হইলে, উক্তরূপ বাতিল আদেশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে লেবেল গ্রহীতা উক্ত আদেশটি পূনর্বিবেচনার জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে পারিবে।

৮। **মডেল এর নিবন্ধন বাতিল**।—(১) কোনো লেবেল গ্রহীতাকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া, নিম্নবর্ণিত যে কোনো কারণে তাহার সকল বা নির্দিষ্ট মডেলের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির মডেল এর নিবন্ধন বাতিল করা যাইবে, যথা:—

(ক) নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইলে;

(খ) লেবেল গ্রহীতা কর্তৃক কোনো নির্দিষ্ট মডেলের নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা হইলে;

(গ) কোনো মডেল নিবন্ধনের ৬ (ছয়) মাসের মধ্যে আওতাভুক্ত যন্ত্রপাতি বা সরঞ্জামাদি উৎপাদন বা আমদানি না করা হইলে;

(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের সংশ্লিষ্ট লেবেলিং গাইড লাইন অনুসারে লেবেল প্রদর্শন না করিলে;

(ঙ) প্রবিধান ১৯ অনুযায়ী দ্বিতীয় চেক টেস্ট পরীক্ষায় অকৃতকার্য হইলে কর্তৃপক্ষ হইতে প্রাপ্ত নোটিশের উপর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণ সংশোধনমূলক কার্যক্রম গ্রহণে ব্যর্থ হইলে;

(চ) সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের লেবেলিং গাইডলাইন ঘোষণা অথবা এর সংশোধনী কার্যকর হওয়ার পর উহা যথাযথভাবে প্রতিপালিত না হইলে; এবং

(ছ) অন্য কোনো কারণে নির্দিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে এই প্রবিধানমালা বা সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন লঙ্ঘন করিলে।

(২) উপ-প্রবিধান (১) এর দফা (খ) এর ক্ষেত্র ব্যতীত, অন্য কোনো কারণে কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন বাতিল করা হইলে নিরাপত্তা জামানত অফেরতযোগ্য হইবে, তবে নিবন্ধন গ্রহণের ১ (এক) বৎসরের মধ্যে আবেদনকারী কর্তৃক নিবন্ধন বাতিলের আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(৩) কর্তৃপক্ষ, উপ-প্রবিধান (১) এর দফা (খ) এর ক্ষেত্র ব্যতীত, অন্য যে কোনো কারণে নিবন্ধন বাতিল করা হইলে, উক্তরূপ বাতিল আদেশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে লেবেল গ্রহীতা উক্ত আদেশটি পুনর্বিবেচনার জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে পারিবে।

৯। **নিবন্ধন নবায়ন বা পুনরায় নিবন্ধন।**—(১) কোনো কারণে লেবেল গ্রহীতার নিবন্ধন বাতিল করা হইলে, পুনরায় নিবন্ধনের জন্য নূতনভাবে আবেদন করিতে হইবে।

(২) প্রবিধান ৭ এর উপ-প্রবিধান (১) এর দফা (ক), (খ) এবং প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (১) এর দফা (খ) এর ক্ষেত্র ব্যতীত, অন্য কোনো কারণে নিবন্ধন বাতিল করা হইলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক প্রমাণক প্রদর্শন সাপেক্ষে পুনরায় নিবন্ধন প্রাপ্তির জন্য নূতনভাবে আবেদন করিতে হইবে।

(৩) দ্বিতীয়বার বাতিলকৃত কোনো লেবেল গ্রহীতার নিবন্ধন বা মডেল নিবন্ধন, পুনরায় নিবন্ধনের জন্য বিবেচিত হইবে না।

(৪) লেবেল গ্রহীতার নিবন্ধন এবং মডেল নিবন্ধন নবায়নের ক্ষেত্রে তফসিল-২ এ বর্ণিত নির্ধারিত ফি প্রদান করিতে হইবে।

১০। **লেবেলযুক্ত যন্ত্রপাতির বিক্রেতা।**—(১) এই প্রবিধানের অধীন লেবেলযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি শুধু যথাযথ অনুমোদনকারী সংস্থা কর্তৃক প্রদানকৃত ট্রেড লাইসেন্সযুক্ত দোকানের মাধ্যমে ক্রয়-বিক্রয় করা যাইবে।

(২) কর্তৃপক্ষ, উপ-প্রবিধান (১) এ বর্ণিত দোকান হইতে এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, যন্ত্রপাতি বা সরঞ্জামাদির নমুনা নগদ মূল্যে সংগ্রহ করিবে, প্রযোজ্য ক্ষেত্রে, এই মূল্য সংশ্লিষ্ট লেবেল গ্রহীতা কর্তৃক পরিশোধ যোগ্য হইবে।

১১। **নিবন্ধন এবং মডেল নিবন্ধন গ্রহণ ব্যতীত যন্ত্রপাতি বা সরঞ্জামে লেবেল ব্যবহারের নিষেধাজ্ঞা।**—এই প্রবিধানমালা জারির অব্যবহিত পর কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠান, কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন এবং মডেল নিবন্ধন গ্রহণ ব্যতীত কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামে লেবেল ব্যবহার করিতে পারিবে না, তবে, কোনো যন্ত্রপাতির কোনো মডেলের বিপরীতে ইতঃপূর্বে প্রদানকৃত লেবেল উত্তীর্ণ হইয়া গেলে এবং উহা পুনরায় নিবন্ধনের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট লেবেলিং গাইড লাইন অনুযায়ী কার্যক্রম গৃহীত হইবে।

১২। **টেস্ট প্রটোকল।**—(১) বাংলাদেশ মান (বিডিএস) টেস্ট প্রটোকল অনুযায়ী বিএসটিআই বা তালিকাভুক্ত পরীক্ষাগার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সর্বোত্তম কার্যসম্পাদনে ব্যবহৃত জ্বালানির পরিমাণ বা জ্বালানি দক্ষতা নিরূপণ করিবে।

(২) কর্তৃপক্ষের সুপারিশক্রমে, বিএসটিআই জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর তফসিল-ক ভুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির লেবেলিং এর জন্য পৃথক টেস্ট প্রটোকল প্রস্তুত বা হালনাগাদ বা সংশ্লিষ্ট আন্তর্জাতিক মানকে বাংলাদেশ মান (বিডিএস) হিসাবে আত্মীকরণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন যদি বিএসটিআই কর্তৃক কোনো যন্ত্রপাতির টেস্ট প্রটোকল জারি না হইয়া থাকে, সেই ক্ষেত্রে কারিগরি কমিটির সুপারিশক্রমে, সংশ্লিষ্ট IEC বা ISO টেস্ট প্রটোকল প্রযোজ্য হইবে।

১৩। **পরীক্ষাগার নিবন্ধন, ইত্যাদি।**—(১) কোনো দেশি বা বিদেশি পরীক্ষাগার তফসিল-২ এ উল্লিখিত নির্ধারিত ফি প্রদানপূর্বক তফসিল-১ এর ফরম-৩ অনুযায়ী ইলেকট্রনিক মাধ্যমে বা সরাসরি আবেদন করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করিয়া যোগ্য আবেদনকারীকে তালিকাভুক্ত করিতে পারিবে এবং এই তালিকাভুক্ত পরীক্ষাগারের মেয়াদ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড বা আন্তর্জাতিক কোনো অ্যাক্রেডিটেশন বোর্ড কর্তৃক প্রদানকৃত অ্যাক্রেডিটেশন এর মেয়াদ পর্যন্ত বহাল থাকিবে।

(৩) কর্তৃপক্ষ প্রবিধান ১৮ অনুযায়ী প্রথম বা প্রবিধান ১৯ অনুযায়ী দ্বিতীয় চেক টেস্ট এবং চ্যালেঞ্জ টেস্ট সম্পাদনের নিমিত্ত নির্ধারিত মেয়াদের জন্য কোনো রেফারেল পরীক্ষাগারের সঙ্গে চুক্তি সম্পাদনপূর্বক পরীক্ষণ সেবা গ্রহণ করিবে।

(৪) কারিগরি কমিটি, সময় সময়, দেশে অবস্থিত পরীক্ষাগারগুলোর বিদ্যমান অবকাঠামোগত সুবিধাদি পর্যালোচনা করিবে এবং কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় সুপারিশ করিতে পারিবে।

(৫) উপ-প্রবিধান (৪) এর অধীন প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে, কর্তৃপক্ষ, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পরীক্ষাগারগুলিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের উদ্যোগ গ্রহণ করিবে।

১৪। **পরীক্ষার সনদ**।—তালিকাভুক্ত পরীক্ষাগারগুলি সংশ্লিষ্ট বিডিএস বা IEC বা ISO টেস্ট প্রটোকলের ভিত্তিতে যন্ত্রপাতি বা সরঞ্জামের পরীক্ষণ সম্পাদন করিবে এবং নির্ধারিত ফরমেটে প্রতিবেদন তৈরি করিয়া কর্তৃপক্ষের লেবেলিং ওয়েব পোর্টালে আপলোড করিবে।

১৫। **পরীক্ষণ ও পরীক্ষণ প্রতিবেদন ফি**।—(১) পরীক্ষাগারগুলি পরীক্ষণ ও পরীক্ষণ প্রতিবেদন প্রদানের জন্য নিজস্ব ফি নির্ধারণ করিতে পারিবে এবং এইরূপ নির্ধারণকৃত ফি কর্তৃপক্ষের ওয়েব পোর্টালে আপলোড করিবে।

(২) যদি প্রথম চেক টেস্ট এ লেবেল গ্রহীতার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জ্বালানি দক্ষতা পরীক্ষায় ব্যর্থ হয়, তাহা হইলে দ্বিতীয় চেক টেস্ট এর যাবতীয় খরচ, যেমন, পরীক্ষাধীন যন্ত্রপাতি বা সরঞ্জামাদির মূল্য, আনুষঙ্গিক অন্যান্য ফি বা ব্যয় (পরীক্ষণ ফি, পরীক্ষণ প্রতিবেদন ফি, পরিবহন ব্যয় ইত্যাদি) লেবেল গ্রহীতা পরিশোধ করিবে।

১৬। **লেবেল ডিজাইন**।—(১) প্রতিটি লেবেলে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত তথ্যসহ অন্যান্য তথ্যাদি অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) লেবেল গ্রহীতার স্বতন্ত্র সনাক্তকরণ নম্বর (Unique Identification Number (UIN);

(খ) যন্ত্রপাতির জ্বালানি দক্ষতা ও পরীক্ষণ সনদ সনাক্তকরণের জন্য পণ্য উৎপাদনের উৎস ও ব্যাচ, লেবেলের ক্রমিক নম্বরসহ QR (Quick Response) বা বার (Bar) বা অন্যান্য উপযুক্ত কোড;

(গ) কার্য সম্পাদনে জ্বালানি দক্ষতার মান (Energy Performance);

(ঘ) লেবেল রেটিং এর গ্রাফিক; এবং

(ঙ) যন্ত্রপাতির জন্য প্রাসঙ্গিক অন্যান্য কারিগরি বিবরণ।

(২) কর্তৃপক্ষ, কারিগরি কমিটির সুপারিশক্রমে, লেবেল এবং মাস্টার লে-আউট ডিজাইন নির্ধারণ করিবে।

(৩) কর্তৃপক্ষ, মাস্টার লে-আউট এবং রঙের মৌলিক বৈশিষ্ট্যগুলির সহিত সামঞ্জস্য রাখিয়া লেবেল গ্রহীতা ভিত্তিক প্রত্যেক যন্ত্রপাতির লেবেলের জন্য সুনির্দিষ্ট লে-আউট ডিজাইন নির্ধারণ করিবে।

(৪) এই প্রবিধানের কোনো কিছুই যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৬ নং আইন) এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ এর আওতায় প্রদর্শনযোগ্য কোনো তথ্য প্রকাশকে বারিত করিবে না।

১৭। **লেবেল ব্যবস্থাপনা ও লেবেল ফি।**—(১) লেবেল গ্রহীতা ত্রৈমাসিক বা ষান্মাসিক বা বার্ষিক ভিত্তিতে কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল স্থাপনের জন্য বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের আলোকে মডেল ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক লেবেল প্রাপ্তির উদ্দেশ্যে তফসিল-১ এর ফরম-৬ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে।

(২) কর্তৃপক্ষ আবেদন পর্যালোচনা করে যথার্থতা বিবেচনায় নির্দিষ্ট সংখ্যক লেবেল প্রদর্শনের অনুমতি প্রদান করিবে এবং লেবেলগ্রহীতা সংশ্লিষ্ট লেবেলিং গাইড লাইন অনুযায়ী অনুমোদিত লেবেল সংখ্যার ভিত্তিতে প্রযোজ্য লেবেলিং ফি প্রদান করিবে।

(৩) লেবেল গ্রহীতা বরাদ্দকৃত লেবেলের ৯০ (নব্বই) শতাংশ স্থাপন সম্পন্ন করিবার পর নূতন লেবেল বরাদ্দ প্রদানের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) কর্তৃপক্ষ অনুমোদিত লেবেল এবং বিভিন্ন লেবেল গ্রহীতাকে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির বিপরীতে প্রদত্ত লেবেল সংশ্লিষ্ট তথ্য ডিজিটাল পদ্ধতিতে ইলেক্ট্রনিক রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(৫) কর্তৃপক্ষকে স্বয়ংক্রিয়ভাবে অবহিতকরণের উদ্দেশ্যে লেবেল গ্রহীতা ইলেক্ট্রনিক উপায়ে যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল সংযোজন করিবে, যাহা স্বয়ংক্রিয়ভাবে কর্তৃপক্ষের ইলেকট্রনিক রেজিস্টারে অন্তর্ভুক্ত হইবে।

(৬) লেবেল গ্রহীতা যন্ত্রপাতি বা সরঞ্জামাদি সংশ্লিষ্ট লেবেলিং গাইড লাইন অনুযায়ী লেবেল প্রদর্শন করিবে।

(৭) লেবেল গ্রহীতা এমনভাবে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির উপর লেবেল সংযোজন করিবে যাহাতে লেবেলটি অপসারণ বা পুনরায় ব্যবহার করা না যায়।

(৮) কর্তৃপক্ষ, কারিগরি কমিটির সুপারিশক্রমে, নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করিয়া প্রত্যেক যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য পৃথক লেবেল ফি নির্ধারণ করিবে এবং সংশ্লিষ্ট বিষয়াদি লেবেলিং গাইড লাইনে অন্তর্ভুক্ত করিবে, যথা:—

(ক) লেবেলিং কর্মসূচি পরিচালনার জন্য প্রশাসনিক খরচ;

(খ) যন্ত্রপাতি বা সরঞ্জামাদির পরীক্ষণ খরচ;

(গ) নমুনা সংগ্রহের খরচ;

(ঘ) পরিবহন খরচ;

(ঙ) প্রচার প্রচারণা এবং অন্যান্য প্রণোদনা খরচ; এবং

(চ) আনুষঙ্গিক অন্যান্য খরচ।

১৮। **প্রথম চেক টেস্ট।**—(১) কর্তৃপক্ষ, যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে সংযুক্ত লেবেলে প্রদর্শিত জ্বালানি দক্ষতার মান যাচাই করিবার জন্য নির্ধারিত কর্মসূচি অনুযায়ী খোলা বাজার হইতে নমুনা সংগ্রহ করিবে এবং পর্যায়ক্রমে রেফারেল পরীক্ষাগারে প্রথম চেক টেস্ট পরিচালনার ব্যবস্থা করিবে।

(২) কর্তৃপক্ষ, রেফারেল পরীক্ষাগারে প্রথম চেক টেস্ট বা প্রবিধান ১৯ অনুযায়ী দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে মনোনীত প্রতিষ্ঠান হইতে আনুষঙ্গিক সেবা গ্রহণ করিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ, প্রথম চেক টেস্ট সম্পাদনের জন্য দৈবচয়ন পদ্ধতিতে মডেল বা যন্ত্রপাতি বা সরঞ্জাম নির্বাচন করিবে।

(৪) রেফারেল পরীক্ষাগারে পরীক্ষণ সম্পাদনপূর্বক কর্তৃপক্ষকে যন্ত্রপাতি বা সরঞ্জামের সংশ্লিষ্ট লেবেলিং গাইড লাইন অনুযায়ী পরীক্ষণ প্রতিবেদন প্রদান করিবে।

(৫) কর্তৃপক্ষ, প্রাপ্ত প্রতিবেদনটি পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জ্বালানি দক্ষতা প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করিবে।

১৯। **দ্বিতীয় চেক টেস্ট।**—(১) কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের প্রথম চেক টেস্টে জ্বালানি দক্ষতার মান লেবেলে প্রদর্শিত মানের সহিত সঙ্গাতিপূর্ণ না হইলে কর্তৃপক্ষ নিজে অথবা মনোনীত প্রতিষ্ঠানের মাধ্যমে দ্বিতীয় চেক টেস্ট পরিচালনা করিবে।

(২) কর্তৃপক্ষ, লেবেল গ্রহীতাকে প্রথম চেক টেস্ট এর ব্যর্থতার বিষয়টি অবহিত করিবে এবং দ্বিতীয় চেক টেস্ট পরিচালনার জন্য সংশ্লিষ্ট পরীক্ষাগার ফি এবং উহা যন্ত্রপাতি বা সরঞ্জামের দুইটি নমুনার বিদ্যমান বাজার মূল্য নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করিবার জন্য অনুরোধ জানাইবে।

(৩) উপ-প্রবিধান (২) অনুযায়ী লেবেল গ্রহীতা পরীক্ষণ ফি বা নমুনাসমূহের বিদ্যমান বাজার মূল্য পরিশোধ না করিলেও দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের ক্ষেত্রে উহা বাধার কারণ হইবে না, তবে, এইক্ষেত্রে কর্তৃপক্ষ উক্ত পণ্যের লেবেল ব্যবহার বা লেবেল গ্রহীতার নিবন্ধন স্থগিত বা অন্য যেই কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এইক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৪) কর্তৃপক্ষ, একই রেফারেল ল্যাবরেটরিতে দ্বিতীয় চেক টেস্ট পরিচালনার জন্য দৈবচয়নে বাজার হইতে আরো দুইটি নমুনা সংগ্রহ করিবে।

(৫) কর্তৃপক্ষ, লেবেল গ্রহীতাকে দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের তারিখ অবহিত করিবে এবং লেবেল গ্রহীতা বা তাহার মনোনীত প্রতিনিধি ঐ দিন উপস্থিত হইয়া পরীক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করিবে।

(৬) কর্তৃপক্ষ বা মনোনীত প্রতিষ্ঠান নির্ধারিত দিনে লেবেল গ্রহীতা বা তার মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে অথবা কোনো কারণে প্রতিনিধি অনুপস্থিত থাকিলেও সংশ্লিষ্ট রেফারেল পরীক্ষাগারে দ্বিতীয় চেক টেস্ট সম্পাদন করিবে।

২০। **প্রথম ও দ্বিতীয় চেক টেস্ট এর ভিত্তিতে সংশোধনীমূলক কার্যক্রম।**—(১) সংগৃহীত প্রথম বা দ্বিতীয় নমুনা বা উভয়ই দ্বিতীয় চেক টেস্ট এ অনুত্তীর্ণ হইলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মডেলের নিবন্ধন সাময়িকভাবে স্থগিত করিবে এবং লেবেল গ্রহীতাকে ইলেকট্রনিক নোটিশ জারির ৬ (ছয়) সপ্তাহের মধ্যে নিম্নবর্ণিত সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করিবে, যথা:—

(ক) লেবেলে প্রদর্শিত রেটিং সংশোধন করা বা উহাতে বিদ্যমান ত্রুটি বা ঘাটতি দূর করা;

(খ) কর্তৃপক্ষের নির্দেশনার সহিত সঙ্গতি রাখিয়া ঐ পণ্য বাজার হইতে প্রত্যাহার করা; এবং

(গ) প্রতিটি পণ্যের বিপণন এবং বিজ্ঞাপন সামগ্রীতে প্রয়োজনীয় পরিবর্তন আনয়ন এবং কর্তৃপক্ষের নিকট সকল গৃহীত ব্যবস্থার অগ্রগতি প্রতিবেদন ফরম-৭ অনুযায়ী জমা প্রদান করা।

(২) লেবেল গ্রহীতা প্রযোজ্যতা অনুযায়ী বর্ণিত পণ্যের জ্বালানি দক্ষতার মান উন্নত করিবার জন্য সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করিবে অথবা পণ্যের লেবেল রেটিং হ্রাস করিয়া নূতন হ্রাসকৃত লেবেল পণ্যে ব্যবহার করিবে এবং কর্তৃপক্ষকে প্রতিবেদন ফরম-৭ অনুযায়ী জমা প্রদান করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (২) এর অধীন দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করিবে এবং প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করা হইলে যথাযথ লেবেল ব্যবহারের জন্য লেবেল গ্রহীতার নিবন্ধন পুনরায় চালু করিবে।

(৪) যদি লেবেল গ্রহীতা উক্ত প্রতিবেদন যথাসময়ে প্রদান না করে অথবা কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন না করে, সেই ক্ষেত্রে ভুল জ্বালানি দক্ষতার মান ঘোষণার কারণে কর্তৃপক্ষ নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা:—

(ক) লেবেল গ্রহীতার নিবন্ধন বাতিল;

(খ) লেবেল গ্রহীতার নাম এবং যে কারণে তাহার নিবন্ধন বাতিল হইয়াছে উহার কারণ উল্লেখপূর্বক জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিজ্ঞপ্তির মাধ্যমে নিবন্ধন বাতিল আদেশ প্রচার;

(গ) কর্তৃপক্ষ, প্রয়োজনে ভোক্তার অধিকার সংরক্ষণার্থে ভোক্তা অথবা অভিযোগকারী হিসাবে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন) এর প্রাসঙ্গিক বিধান অনুযায়ী লেবেল গ্রহীতার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরাবর অভিযোগ দায়ের; এবং

(ঘ) গ্রাহকগণের সুরক্ষা এবং লেবেল কার্যক্রমের দক্ষতা বজায় রাখার জন্য যথাযথ বিবেচিত অন্য কোনো আইনি ব্যবস্থা গ্রহণ।

২১। **চ্যালেঞ্জ টেস্ট।**—(১) কর্তৃপক্ষ কোনো পণ্যের ভুল জ্বালানি দক্ষতার মান ঘোষণার বিষয়ে কোনো অভিযোগের প্রেক্ষিতে বা অন্য কোনো উৎস হইতে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে চ্যালেঞ্জ টেস্টের ব্যবস্থা গ্রহণ করিবে এবং বিষয়টি লেবেল গ্রহীতাকে অবগত করিবে।

(২) দ্বিতীয় চেক টেস্টে অনুসৃত পদ্ধতিতে চ্যালেঞ্জ টেস্ট পরিচালনা করা হইবে, তবে, এইক্ষেত্রে শুধু একটি নমুনা সংগ্রহ করা হইবে।

(৩) চ্যালেঞ্জ টেস্টে সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জাম অনুত্তীর্ণ হইলে, লেবেল গ্রহীতা সংশ্লিষ্ট টেস্ট পরিচালনার যাবতীয় ব্যয় বহন করিবে এবং প্রবিধান ২০ এর আওতায় সংশোধনীমূলক কার্যক্রম গ্রহণ করিবে।

(৪) চ্যালেঞ্জ টেস্টে সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জাম উত্তীর্ণ হইলে, সেক্ষেত্রে অভিযোগকারীকে সংশ্লিষ্ট টেস্ট পরিচালনার যাবতীয় ব্যয় বহন করিতে হইবে।

(৫) কর্তৃপক্ষ বা মনোনীত প্রতিষ্ঠান রেফারেল ল্যাবরেটরি হইতে নমুনা ফেরত লইবে এবং নির্দিষ্ট সময় পর পর এসব নমুনা নিষ্পত্তির জন্য কার্যক্রম গ্রহণ করিবে।

২২। **লেবেল গ্রহীতা প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণ, প্রণোদনা ও স্বীকৃতি।**—(১) কর্তৃপক্ষ, প্রত্যেক লেবেল গ্রহীতার বিপরীতে প্রদানকৃত লেবেলের পরিমাণের উপর ভিত্তি করিয়া কোনো নির্দিষ্ট পণ্যের কার্যসম্পাদনে জ্বালানি ব্যবহারের গড় মান হিসাব করিবে।

(২) কর্তৃপক্ষ, প্রত্যেক লেবেল গ্রহীতার পৃথক পৃথক পণ্যের জন্য জ্বালানি ব্যবহারের চলমান গড় (moving average energy consumption) হিসাব করিবে এবং প্রতি বৎসর চলমান গড়ের উন্নতির ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহের ক্রমবিন্যাসকৃত তালিকা প্রণয়ন করিবে।

(৩) কর্তৃপক্ষ, কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে, নির্ধারিত জ্বালানি দক্ষতা বিষয়ে বিশেষ অবদানের জন্য এক বা একাধিক লেবেল গ্রহীতাকে প্রণোদনা অথবা জাতীয়ভাবে স্বীকৃতি প্রদান করিতে পারিবে।

২৩। **কারিগরি কমিটির গঠন।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| (ক) | সদস্য পর্যায়ের নিম্নে নহেন এইরূপ কর্তৃপক্ষের ১ (এক) জন কর্মকর্তা | - | সভাপতি |
| (খ) | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি | - | সদস্য |
| (গ) | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| (ঘ) | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| (ঙ) | ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর প্রতিনিধি | - | সদস্য |
| (চ) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| (ছ) | ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স এর প্রতিনিধি | - | সদস্য |
| (জ) | বিএসটিআই এর সংশ্লিষ্ট প্রতিনিধি | - | সদস্য |
| (ঝ) | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| (ঞ) | কঞ্জুমার এসোসিয়েশন এর প্রতিনিধি | - | সদস্য |
| (ট) | ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন এর প্রতিনিধি | - | সদস্য |
| (ঠ) | সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি | - | সদস্য |
| (ড) | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট উইং এর প্রতিনিধি | - | সদস্য সচিব |

(২) কর্তৃপক্ষ, প্রয়োজনে, কারিগরি কমিটি পুনর্গঠন করিতে পারিবে।

(৩) কারিগরি কমিটি, প্রয়োজনে, কাজের প্রকৃতি বিবেচনায় বিভিন্ন বিষয়ে কারিগরি উপ-কমিটি গঠন করিতে পারিবে।

(৪) কারিগরি কমিটি ও উপ-কমিটির সদস্যগণের সভায় উপস্থিত থাকিবার জন্য, সরকারের অনুমোদনক্রমে, সম্মানি প্রাপ্য হইবেন।

২৪। **কারিগরি কমিটির দায়িত্ব ও কার্যাবলি।**—কারিগরি কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) লেবেল কার্যক্রমের আওতায় নূতন যন্ত্রপাতি বা সরঞ্জামাদি অন্তর্ভুক্তকরণ ও পুরাতন তালিকা নবায়ন;

(খ) ঐচ্ছিক ও বাধ্যতামূলক ধাপের পণ্য নির্ধারণ ও সময়সীমা;

(গ) লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন, মডেল নিবন্ধন ও নবায়ন পদ্ধতির আধুনিকীকরণ;

(ঘ) লেবেলে আবশ্যিকভাবে প্রদর্শনের জন্য তথ্যাদি নির্বাচন, লেবেলের মাস্টার ডিজাইন ও গ্রাফিক ডিজাইন নির্ধারণ;

(ঙ) লেবেল গ্রহীতাকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদানের ভিত্তি নির্ধারণ;

(চ) MEPS প্রবর্তন বা পরিবর্তন ও লেবেলিং ধাপ নির্ধারণ;

(ছ) বিদ্যমান পরীক্ষাগারগুলোর অবকাঠামোগত সুবিধাদি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশ প্রদান, পরীক্ষাগার তালিকাভুক্তকরণ ও পরীক্ষাগার স্থাপনের নীতিমালা প্রণয়নের সুপারিশ;

(জ) তফসিল সংশোধনের সুপারিশ;

(ঝ) লেবেলিং ফি, মডেল নিবন্ধন ফি, নিরাপত্তা জামানত, পরীক্ষাগার নিবন্ধন ফিসহ অন্যান্য সকল ফি নির্ধারণ এবং সময় সময়, সংশোধন প্রস্তাব প্রদান;

(ঞ) রেফারেল পরীক্ষাগার ও মনোনীত প্রতিষ্ঠান নির্বাচনের ভিত্তি নির্ধারণ;

(ট) সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদির লেবেলিং গাইড লাইনের খসড়া প্রস্তুত ও লেবেল প্রদর্শনের নিয়মাবলী নির্ধারণ; এবং

(ঠ) কর্তৃপক্ষ কর্তৃক, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**তফসিল-১**
**ফরম-১**
**[প্রবিধান ৫(১) দ্রষ্টব্য]**

**লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নিবন্ধনের আবেদনপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করিতে হইবে)**

নং............................... তারিখ...........................................

বরাবর

চেয়ারম্যান

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়ঃ লেবেলিং কার্যক্রমে অংশগ্রহণের উদ্দেশ্যে ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন।

জনাব

১। আমি/আমরা-নিম্নস্বাক্ষরকারী লেবেলিং কর্মসূচিতে নিবন্ধিত হইতে ইচ্ছুক।

(১) কোম্পানি বা ফার্মের নাম:

(২) প্রতিষ্ঠাকাল (তারিখ):

(৩) ব্যবসার শুরু (বৎসর):

(৪) নিবন্ধনের বিবরণ

(ক) কোম্পানির নিবন্ধন: নিবন্ধন নম্বর:........... তারিখ:.....................

(খ) ক্ষুদ্র শিল্প: নিবন্ধন নম্বর:.................. তারিখ:......................

(গ) অন্য কোনো সরকারি সংস্থা নাম:...... নম্বর: ........... তারিখ: ..............

(৫) ব্যবসার ধরন (যন্ত্রপাতি ও সরঞ্জাম)- প্রস্তুতকারক বা আমদানি বা বিপণন:

(৬) ট্রেড লাইসেন্স নম্বর:.................. তারিখ:...................

(৭) ঠিকানা:

(ক) নিবন্ধিত দপ্তর:............ রোড......... গ্রাম/উপজেলা/জেলা.........

পোস্ট কোড....................

(খ) প্রধান বিপণন দপ্তর: ......... রোড:......... গ্রাম/উপজেলা/জেলা ......

পোস্ট কোড................................ (গ) উৎপাদন প্ল্যান্ট:........................
রোড.............. গ্রাম/উপজেলা/ জেলা...............................................

পোস্ট কোড..........................

(৮) দপ্তরের ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যম:

ই-মেইল আইডি:..............ফোন...............মোবাইল................

(৯) লেবেলিং কর্মসূচি পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত অফিসারের তথ্য:

(ক) নাম: ..........................................(খ) যোগ্যতা:...................................

(গ) পদবি (Authorization পত্র অনুসারে) .........(ঘ) চাকরির বয়স (বৎসর):.........

(ঙ) যোগাযোগ মাধ্যম:

ই-মেইল আইডি:.....................ফোন................মোবাইল............

(চ) Authorization পত্র নম্বর ..................তারিখ:.....................

(১০) নিয়োজিত কর্মীদের সংখ্যা:প্রকৌশলী............টেকনেশিয়ান...............অন্যান্য...............

(১১) যে ম্যানেজম্যান্ট সিস্টেম অনুসরণ করা হইতেছে:

(ক) আইএসও কোয়ালিটি ম্যানেজম্যান্ট সিস্টেম হ্যাঁ/না [যদি হ্যাঁ হয় তাহা হইলে (তারিখ).......................................]

(খ) অন্যান্য....................

২। আমাদের ব্যবসা পণ্যসমূহ নিম্নরূপ—

| নং | যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম | ব্যবসার ধরন (উৎপাদনকারী বা আমদানিকারক বা অন্যান্য) |
|---|---|---|
| | | |
| | | |

৩। আমি/আমরা ইতিমধ্যে নিরাপত্তা জামানত (ব্যাংকের Transaction বিবরণ/নম্বর/শাখা/পরিমাণ ইত্যাদি.............................তারিখ................................) জমা প্রদান করিয়াছি।

৪। প্রয়োজনীয় দলিলাদির কপি এতদসঙ্গে জমা প্রদান করিয়াছি:

(ক) উৎপাদন স্থান বা ব্যবসা পরিচালনা করিবার জন্য নাম এবং ঠিকানা সম্বলিত প্রমাণক;

(খ) ট্রেডমার্ক সার্টিফিকেট;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে, এসএমই (SME) বা হালনাগাদ আইআরসি (IRC) সার্টিফিকেট;

(ঘ) গুণগত মান পরিচালনা পদ্ধতির সনদ (Quality Management System Certificate) (যদি থাকে);

(ঙ) সংস্থা প্রধানের প্রতিনিধিত্ব করিবার জন্য নিয়োজিত কর্মকর্তার নমুনা স্বাক্ষর অনুমোদন বিষয়ক যথাযথ সিলমোহরসহ প্রমাণপত্র;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে, বিএসটিআই লাইসেন্স;

(ছ) ডিমান্ড ড্রাফট (নিরাপত্তা জামানত) বা অনলাইনে প্রদানের ক্ষেত্রে পেমেন্ট রশিদ;

(জ) অনলাইনে আবেদনপত্রের ফটোকপি (সঠিকভাবে স্বাক্ষরিত এবং কোম্পানি সিল স্ট্যাম্পসহ); এবং

(ঝ) আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক মর্মে ব্যবসা প্রতিষ্ঠান প্রধানের ঘোষণাপত্র।

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে অঙ্গীকার করিতেছি যে, উপরি-উক্ত নথিগুলির সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসে সঠিক।

আমার সদয় নিবেদন এই যে, লেবেলিং কার্যক্রমে অংশগ্রহণের জন্য আমাদের প্রতিষ্ঠানকে নিবন্ধন করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম, সিল ও স্বাক্ষর)

তারিখ-------------------

**ফরম-২**
**[প্রবিধান ৬(১) দ্রষ্টব্য]**

**যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল নিবন্ধনের জন্য আবেদনপত্র (সংস্থার লেটার হেডে মুদ্রিত হইতে হইবে)**

নং......................... তারিখ........................

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: লেবেলিং কর্মসূচিতে লেবেল গ্রহণের জন্য মডেল নিবন্ধন।

জনাব,

১। আমি/আমরা নিম্নোক্ত যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল উৎপাদনকারী বা আমদানিকারক বা বিপণনকারী।

| নং | যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম | ব্র্যান্ড | সরঞ্জাম মডেল | মডেল নম্বর বা আইডি |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

২। কর্তৃপক্ষের সহিত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):________ ________

৩। আমি/আমরা ইতোমধ্যে নিবন্ধন ফি বাবদ............. টাকা (ব্যাংকের Transaction বিবরণ/নম্বর/শাখা/পরিমাণ ইত্যাদি................তারিখ...................) জমা প্রদান করিয়াছি।

৪। যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্যাদির স্বীকৃত কপিসমূহ জমা প্রদান করিবো:

(ক) অনুমোদিত বা কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্ত পরীক্ষাগার হইতে পরীক্ষার সার্টিফিকেট;

(খ) কর্তৃপক্ষের তালিকাভুক্ত ল্যাবরেটরি হইতে বিএসটিআই কর্তৃক জারীকৃত টেস্ট প্রটোকল অনুযায়ী ১ (এক) বৎসর বা তাহার কম সময়ের মধ্যে প্রস্তুতকৃত বা প্রযোজ্য ক্ষেত্রে আমদানিকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির জ্বালানি দক্ষতা, জ্বালানি খরচের পরিমাণ, স্পেসিফিক জ্বালানি খরচ বা কার্যকারিতা (specific energy consumption/ efficacy) ইত্যাদি তথ্য সম্বলিত মূল পরীক্ষাগার টেস্ট রিপোর্ট;

(গ) প্রাসঙ্গিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির নিজস্ব লেবেলিং গাইডলাইন অনুযায়ী পরীক্ষাগারের টেস্ট রিপোর্টের ফলাফল; এবং

(ঘ) প্রাসঙ্গিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির নিজস্ব লেবেলিং গাইডলাইনে উল্লিখিত লেবেলের নমুনা ও স্থাপন স্থান নির্দেশক।

৫। আমরা প্রতিটি সরঞ্জামের একই মডেলের নিবন্ধন ও বার্ষিক রিটার্ন অনলাইনে ও নিম্নলিখিতভাবে জমা প্রদান করিতেছি:

(ক) প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা: ........................

(খ) নিবন্ধন নম্বর.........................

(গ) রিটার্ন বৎসর.........................

(ঘ) যন্ত্রের বিশদ (লেবেলের জন্য প্রস্তাবিত সমস্ত সরঞ্জামের বিবরণ):

| সরঞ্জামের নাম | উৎপাদন বা আমদানি বা বিপণন | ব্র্যান্ড |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

(ঙ) মডেল বিবরণ (প্রতিটি সরঞ্জামের জন্য পৃথক মডেলের বিশদ বিবরণ):

| সরঞ্জামের মডেল | উৎপাদনের বিস্তারিত | | | উৎপাদন মান | |
|---|---|---|---|---|---|
| | কোম্পানি | দেশ | বৎসর | নির্দেশক | সংশ্লিষ্ট বিএসটিআই/IEC |
| | | | | | |

(চ) পরীক্ষার সার্টিফিকেট:

| সরঞ্জামের মডেল | পরীক্ষার সার্টিফিকেট বিস্তারিত | | | গবেষণাগারের বিস্তারিত | | |
|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | তারিখ | জ্বালানি দক্ষতার তথ্য | নাম | ঠিকানা | অ্যাক্রিডিটেশন নম্বর বা কর্তৃপক্ষের অনুমোদনের নম্বর |
| | | | | | | |

(ছ) সরঞ্জামের সংখ্যা (পৃথক মডেলের জন্য আলাদা বার্ষিক রিটার্ন দাখিল করিতে হইবে):

| বৎসর | উৎস | | | বিক্রিত | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উৎপাদন | আমদানি | মোট | জিআইআর বিহীন | প্রথম জিআইআর | দ্বিতীয় জিআইআর | তৃতীয় জিআইআর | চতুর্থ জিআইআর | পঞ্চম জিআইআর | মোট |
| সরঞ্জামের মডেল ----------- | | | | | | | | | | |
| ২০২০ | | | | | | | | | | |
| ২০১৯ | | | | | | | | | | |
| ২০১৮ | | | | | | | | | | |

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে অঙ্গীকার করিতেছি যে, উপরি-উক্ত নথিগুলির সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসে সঠিক।

আমার সদয় নিবেদন এই যে, লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমাদের সরঞ্জামগুলি নিবন্ধন করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম, সিল ও স্বাক্ষর)

তারিখ............

**ফরম-৩**
**[প্রবিধান ১৩(১) দ্রষ্টব্য]**

**পরীক্ষাগার তালিকাভুক্তির আবেদনপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করিতে হইবে)**

নং......................... তারিখ...................................

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: পরীক্ষাগার নিবন্ধন।

জনাব,
আমি/আমরা ..........................ঠিকানায় অবস্থিত টেস্টিং ল্যাবরেটরির পরিচালক। এই পরীক্ষাগার হইতে নিম্নবর্ণিত সরঞ্জামাদির জ্বালানি দক্ষতা লেবেলিং বিষয়ক পরীক্ষা এবং তদ্‌সংশ্লিষ্ট সনদপত্র সরবরাহের জন্য পরীক্ষাগারটি অনুমোদনের জন্য আবেদন করতেছি।

| ক্রমিক নং | যন্ত্রপাতি বা সরঞ্জাম | মান অনুযায়ী পরীক্ষণ | অ্যাক্রেডিটেশন মেয়াদ উত্তীর্ণের তারিখ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |

আমাদের নিকট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত............যন্ত্রপাতি বা সরঞ্জামের গাইডলাইন অনুসারে এর প্রাসঙ্গিক মান অনুযায়ী পরীক্ষণ সরঞ্জামাদিসহ প্রয়োজনীয় সুবিধাদি রহিয়াছে। এই আবেদনের সহিত পরীক্ষণ সরঞ্জামাদি ও সুবিধাদির বিস্তারিত বর্ণনা ও হালনাগাদ অ্যাক্রেডিটেশন সনদের কপি সংযুক্ত করা হইয়াছে।

প্রয়োজনীয় পরীক্ষণ চালানোর জন্য আমাদের নিম্নবর্ণিত দক্ষ ও প্রশিক্ষিত কারিগরি কর্মী বাহিনী রহিয়াছে।

| ক্রমিক নং | কারিগরি জনবলের ধরন | সংখ্যা | ন্যূনতম যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | | | |
| | | | |

আমরা প্রয়োজনীয় ফি, সার্টিফিকেশন অনুলিপি (সমূহ) ও নিবন্ধন ফি জমা প্রদান করিয়াছি (সংশ্লিষ্ট ব্যাংকের বিবরণ এবং ট্রান্সফার বিবরণ) ---------- তারিখ ------- এর অনুলিপি সংযুক্ত রহিয়াছে। বিনীত নিবেদন এই যে, আমাদের পরীক্ষাগার তালিকাভুক্ত করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর)

**ফরম-৪**
**[প্রবিধান ৬(২) দ্রষ্টব্য]**

**অতিরিক্ত দলিলাদি জমা প্রদানের জন্য পত্র**

ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত দলিলাদি জমা প্রদানের আবেদনপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করিতে হইবে)

নং......................... তারিখ..........................

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অতিরিক্ত দলিলাদি।

সূত্র নং: .......................তারিখ............................

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, আমি (প্রতিষ্ঠানের নাম)....................এর পক্ষে কর্তৃপক্ষ কর্তৃক চাহিত নিম্নোক্ত অতিরিক্ত দলিলাদি পেশ করিতেছি।

১। ব্যবসা প্রতিষ্ঠানের ধরন...........................................

২। যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম....................................

৩। মডেল..................................(প্রযোজ্য ক্ষেত্রে)

সংযুক্ত দলিলাদির বিবরণ-

(ক) ........................................

(খ) ........................................

(গ) ........................................

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে নিশ্চিত করিয়াছি যে, উপরি-উক্ত দলিলাদি বা তথ্যাদি বা অনুলিপি যথার্থ ও সঠিক রহিয়াছে।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত
(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর)

তারিখ-------

**ফরম-৫**
**[প্রবিধান ৬(১) দ্রষ্টব্য]**
**একই মডেলের ঘোষণাপত্র**

একই মডেলের ঘোষণাপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করিতে হইবে)

নং……………………… তারিখ………………………

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: মডেলের ঘোষণাপত্র।

জনাব,
আমি/আমরা (প্রতিষ্ঠানের নাম)……………………… এর পক্ষে এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমাদের মূল মডেলের সহিত নিম্নে উল্লিখিত মডেলসমূহ একই গোত্রভুক্ত এবং মূল মডেলের টেস্ট রিপোর্ট এইগুলোর জন্যও প্রযোজ্য।

| নং | আবেদন ফরমে (ফরম-২) উল্লিখিত মডেল নম্বর | টেস্ট রিপোর্টে উল্লিখিত মূল মডেল নম্বর | মডেলের বিস্তারিত বিবরণ |
|---|---|---|---|
| | [যে বা যেই সকল মডেল নিবন্ধনের জন্য আবেদন করা হইয়াছে] | [মূল মডেল নম্বর] | [এখানে প্রথমত কোনটি মূল মডেল তাহার চিহ্নিতকরণ কারিগরি বৈশিষ্ট্য উল্লেখ করিতে হইবে, দ্বিতীয়ত একই রকম রেটিং, বাহ্যিক বৈশিষ্ট্য, আকারের অন্য মডেলসমূহের ভিন্নতা বিস্তারিত উল্লেখ করিতে হইবে। তবে সকল ক্ষেত্রে জ্বালানি দক্ষতা প্যারামিটারগুলো একই রকম থাকিবে] |

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে নিশ্চিত করিতেছি যে, উপরি-উক্ত নথিসমূহের সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসে সঠিক রহিয়াছে।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত
(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর)
তারিখ…………………………

**ফরম-৬**

**[প্রবিধান ১৭(১) দ্রষ্টব্য]**

**লেবেল গ্রহণ (সংস্থার লেটার হেডে প্রিন্ট করিতে হইবে)**

নং.......................... তারিখ............................

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: লেবেল গ্রহণ।

জনাব,

১। আমি/আমরা নিম্নোক্ত যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেলের জন্য কর্তৃপক্ষের সহিত নিবন্ধিত। আমি/আমরা প্রতিটি মডেলের বিপরীতে বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের আলোকে ত্রৈমাসিক বা ষান্মাসিক বা বার্ষিক ভিত্তিতে নিম্নে উল্লিখিত সংখ্যক লেবেলের জন্য আবেদন করিতেছি।

| ক্রমিক নং | সরঞ্জামের নাম | মডেল | ব্র্যান্ড | বিভিন্ন লেবেল এবং সরঞ্জাম বিভাগের অধীনে লেবেলের সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রথম জিআইআর | দ্বিতীয় জিআইআর | তৃতীয় জিআইআর | চতুর্থ জিআইআর | পঞ্চম জিআইআর |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

জিআইআর: গ্রাফিক ইন্ডিকেটর রেটিং

২। আমার পূর্ববর্তী বৎসরের গৃহীত লেবেল ব্যবহার সংক্রান্ত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নে পেশ করিতেছি।

| ক্রমিক নং | সরঞ্জামের নাম | মডেল | ব্র্যান্ড | বিভিন্ন লেবেল এবং সরঞ্জাম বিভাগের অধীনে লেবেলের সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রথম জিআইআর | দ্বিতীয় জিআইআর | তৃতীয় জিআইআর | চতুর্থ জিআইআর | পঞ্চম জিআইআর |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

৩। কর্তৃপক্ষের সহিত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):...............................

৪। আমি/আমরা অনুমোদিত সংখ্যক লেবেলের জন্য সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুসারে প্রযোজ্য লেবেলিং ফি প্রদান করিব।

স্বাক্ষর

নাম:.................. পদবি:......................................

পক্ষে..........................................................

ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম, ইত্যাদি প্রতিষ্ঠানের সিল

**ফরম-৭**
**[প্রবিধান ২০(১)(গ) দ্রষ্টব্য]**

**প্রতিবেদন (প্রতিষ্ঠানের লেটার হেড এ প্রিন্ট করিতে হইবে)**

নং ...................... তারিখ:...................

বরাবর
চেয়ারম্যান
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

যন্ত্রপাতির জ্বালানি দক্ষতার লেবেলিং প্রবিধানমালা, ২০২৩ এর প্রবিধান ৪ অনুযায়ী প্রণীত সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের গাইডলাইন ও প্রবিধান ৬ অনুযায়ী নিবন্ধিত (নিবন্ধন নম্বর...........)।

আমি/আমরা................ (ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম)............... (যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম) এর মডেল নং...........................এর জন্য জ্বালানি খরচ মানদন্ড.................(লেবেল) লেবেল কর্তৃপক্ষের পত্র নং............তারিখ...............মোতাবেক লেবেল প্রদর্শনের জন্য অনুমোদন প্রদান করা হইয়াছে।

যন্ত্রপাতির জ্বালানি দক্ষতার লেবেলিং প্রবিধানমালা, ২০২৩ এর প্রবিধান ২০ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট হইতে পত্র নং..........তারিখ.............মাধ্যমে প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ করিবার জন্য দিক নির্দেশনা পেয়েছি। কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে আমরা এখানে ঘোষণা প্রদান করিতেছি যে, নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ আমাদের পক্ষ হইতে গ্রহণ করা হইয়াছে।

| ক্রমিক নং | নির্দেশিত কার্যক্রম | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পণ্যের গায়ে লেবেল প্রদর্শিত হইতে হইবে। | হ্যাঁ/না/প্রযোজ্য নয় | সংশোধিত লেবেল.......থেকে লেবেল.......... তে ............ তারিখে কার্যকর হইয়াছে। |
| ২। | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বাজার হইতে সকল মজুদকৃত পণ্য তুলে নেওয়া | হ্যাঁ/না/প্রযোজ্য নয় | বাজার হইতে সকল মজুদকৃত পণ্য তুলে নেওয়া হইয়াছে। |
| ৩। | সংশ্লিষ্ট প্রদর্শন পদ্ধতি এবং বিজ্ঞাপনে পরিবর্তন | হ্যাঁ/না/প্রযোজ্য নয় | হ্যাঁ/না/প্রযোজ্য নয়। |

উপরি-উক্ত ঘোষণাটি আমাদের জ্ঞান এবং বিশ্বাসমতে সত্য।

স্বাক্ষর

নাম:........................................................ পদবি......................................

পক্ষে...........................................................................

ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম, ইত্যাদি প্রতিষ্ঠানের সিল

**তফসিল-২**

**ফিসমূহ**

**[প্রবিধান ৫(১), ৬(১), ৯(৪), ১৩(১) দ্রষ্টব্য]**

**যন্ত্রপাতির জ্বালানি দক্ষতার লেবেলিং প্রবিধানমালা, ২০২৩ এর অধীন নির্ধারিত ফি সমূহ**

| ক্রমিক নং | ফি, ইত্যাদির বিবরণ | পরিমাণ (টাকায়) | জমা প্রদানের মাধ্যম | অন্যান্য শর্তাবলি |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধনের নিরাপত্তা জামানত | ৫০(পঞ্চাশ) হাজার | পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট | প্রবিধানমালা জারির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে যথাযথ প্রমাণক দাখিল সাপেক্ষে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) হিসেবে নিবন্ধিত প্রতিষ্ঠানের জন্য নিরাপত্তা জামানত ২৫ (পঁচিশ) হাজার টাকা প্রদেয় হইবে। |
| ২। | যন্ত্রপাতি ও সরঞ্জামাদির মডেল প্রতি নিবন্ধন ফি | ৫(পাঁচ)হাজার (অফেরতযোগ্য) | পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট | - |
| ৩। | পরীক্ষাগার নিবন্ধনের জন্য ফি | ৫(পাঁচ)হাজার | পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট | বিদেশী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১ (এক) শত মার্কিন ডলার (অফেরত যোগ্য) |
| ৪। | ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়ন ফি | ৫(পাঁচ)হাজার (অফেরতযোগ্য) | পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট | - |
| ৫। | মডেল প্রতি নিবন্ধন নবায়ন | ৫(পাঁচ)হাজার (অফেরতযোগ্য) | পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট | - |

## তফসিল-৩
## সময়সীমা
**[প্রবিধান ৫(২), ৬(২)(৩) দ্রষ্টব্য]**

### টেবিল ১
### লেবেল গ্রহীতা হিসেবে নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ সময়সীমা

| ক্রমিক নং | কার্যক্রম | সময়সীমা (কার্য দিবস) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ সংস্থা |
|---|---|---|---|
| ১। | ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে আবেদনপত্র দাখিল | - | আবেদনকারী |
| ২। | কর্তৃপক্ষের নিকট আবেদনের হার্ডকপি এবং ডিমান্ড ড্রাফট (ডিডি) বা পেমেন্ট প্রাপ্তি স্বীকার দাখিল (অনলাইনে ফি প্রদানের ক্ষেত্রে) | আবেদন দাখিলের তারিখ হইতে ১৫ দিন | আবেদনকারী |
| ৩। | ডিডি বা পে-অর্ডার ব্যতীত সকল নথিপত্র কর্তৃপক্ষ কর্তৃক যাচাই | হার্ডকপি প্রাপ্তির পরবর্তী ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৪। | অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনের ক্ষেত্রে ফেরত প্রদান | যাচাই পরবর্তী ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৫। | ফি বা নিরাপত্তা জামানত প্রদানের ভেরিফিকেশন | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৬। | কর্তৃপক্ষের হিসাব বিভাগে ডিডি বা পে-অর্ডার দাখিল (অনলাইন পেমেন্ট ব্যতীত) | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৭। | প্রযোজ্য ক্ষেত্রে মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আবেদন যাচাই | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৮। | আবেদনকারী কর্তৃক হালনাগাদ বা সংশোধিত আবেদন বা অতিরিক্ত দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল | কর্তৃপক্ষ কর্তৃক ক্রমিক নং- ৪ অনুযায়ী আবেদন ফেরত প্রদানের পর ৩০ দিন | আবেদনকারী |
| ৯। | কর্তৃপক্ষ মনোনীত প্রতিনিধি বরাবর হালনাগাদ নথিপত্র দাখিল (প্রযোজ্য ক্ষেত্রে) | হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হইতে ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ১০। | হালনাগাদকৃত নথিপত্র যাচাই | হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হইতে ৩-৪ দিন | কর্তৃপক্ষ বা তাহার মনোনীত প্রতিনিধি |
| ১১। | ইউজার আইডি ও পাসওয়ার্ড বরাদ্দ করা | ক্রমিক নং ১০ অনুযায়ী যাচাই শেষ হওয়ার ১-২ দিন | কর্তৃপক্ষ বা তাহার মনোনীত প্রতিনিধি |

**টেবিল ২**

**মডেল নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ সময়সীমা**

| ক্রমিক নং | কার্যক্রম | সময়সীমা (কার্য দিবস) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি বা সংস্থা |
|---|---|---|---|
| ১। | অনলাইন আবেদনপত্র দাখিল | - | লেবেল গ্রহীতা |
| ২। | কর্তৃপক্ষের নিকট আবেদনের হার্ডকপি এবং ডিমান্ড ড্রাফট (ডিডি) বা পে-মেন্ট প্রাপ্তি স্বীকার দাখিল যদি অনলাইনে ফি প্রদান করা হয় | আবেদন দাখিলের তারিখ হইতে ১৫ দিন | লেবেল গ্রহীতা |
| ৩। | ডিডি বা পে-অর্ডার ব্যতীত সকল নথিপত্র কর্তৃপক্ষ বা তাহার মনোনীত প্রতিনিধি প্রতিষ্ঠান বরাবর দাখিল | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৪। | অসম্পূর্ণতা বা ত্রুটির ক্ষেত্রে আবেদন ফেরত | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৫। | ফি প্রদানের ভেরিফিকেশন | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৬। | কর্তৃপক্ষের হিসাব বিভাগে ডিডি বা পে-অর্ডার দাখিল (অনলাইন পেমেন্ট ব্যতীত) | হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন | কর্তৃপক্ষ |
| ৭। | আবেদন যাচাই | হার্ডকপি প্রাপ্তির ২০-২৫ দিন | কর্তৃপক্ষ |
| ৮। | আবেদনকারী কর্তৃক হালনাগাদ বা সংশোধিত আবেদন দাখিল | কর্তৃপক্ষ কর্তৃক ৪ নং-কলাম অনুযায়ী আবেদন ফেরত প্রদানের পর ৬০ দিন | লেবেল গ্রহীতা |
| ৯। | কর্তৃপক্ষ মনোনীত প্রতিনিধি বরাবর হালনাগাদ নথিপত্র দাখিল (প্রযোজ্য ক্ষেত্রে) | হালনাগাদ নথিপত্র প্রাপ্তির তারিখ হইতে ১-২ দিন | কর্তৃপক্ষ |
| ১০। | হালনাগাদকৃত নথিপত্র যাচাই | হালনাগাদ নথিপত্র প্রাপ্তির তারিখ হইতে ১৫ দিন | কর্তৃপক্ষ বা তাহার প্রতিনিধি |
| ১১। | অনুমোদন বা বাতিল | প্রতিনিধি কর্তৃক যাচাই শেষ হওয়ার ২-৩ দিন | কর্তৃপক্ষ বা তাহার মনোনীত প্রতিনিধি |

**[বিশেষ দ্রষ্টব্য: কর্তৃপক্ষ উক্ত সময়সূচী সংশোধন করিতে পারিবে]**

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষের আদেশক্রমে

**ফারজানা মমতাজ**
সদস্য (অতিরিক্ত সচিব)
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd